গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.০৬.২০২৩. ৬৫

তারিখ: ১৬ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
৩০ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

## অভিযোগনামা

যেহেতু, আপনি ড. রওশানা পারভীন (১০৬০৫), সহকারী অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকাকে গত ২২/০১/২০১৭ তারিখে সরকারি সোহরাওয়ার্দী কলেজ, পিরোজপুরে পদায়ন করা হয়। উক্ত কলেজে পদ শূন্য না থাকায় গত ০৮/০৩/২০১৮ তারিখে আমলা সরকারি কলেজ, কুষ্টিয়া পদায়ন করা হলে উক্ত কলেজেও পদ শূন্য না থাকায় আপনি যোগদান করতে পারেননি এবং বিষয়টি এ বিভাগকে অবহিত করেননি। ফলে গত ১৪/১২/২০২০ তারিখে অধ্যক্ষ ও বর্ণিত কর্মকর্তাকে ব্যাখ্যা প্রদানের জন্য পত্র দেয়া হয়। মন্ত্রণালয়ের পত্রের জবাব প্রদান না করায় গত ৩০/০৫/২০২১ তারিখে আপনাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। কিন্তু আপনার বিরুদ্ধে কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করাসহ বিভিন্ন অভিযোগ রয়েছে;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর (খ) ও (গ) "অসদাচরণ" ও "পলায়ন" অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ এর (খ) ও (গ) অনুযায়ী "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর "চাকরি হতে বরখাস্তকরণ" অথবা অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না তা এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।

৩০/১/২৩
(সোলেমান খান)
সচিব

সংযুক্তি: অভিযোগবিবরণী।

**স্থায়ী ঠিকানা:**

ড. রওশানা পারভীন
পিতা: মো: আহসান উল্লাহ
গ্রাম- ১৮নং-বি কে রায় রোড
ডাকঘর: সোনাডাঙ্গা
থানা: সোনাডাঙ্গা
জেলা: খুলনা।

**বর্তমান ঠিকানা:**

ড. রওশানা পারভীন
গ্রাম: ৯৯/৫/১ নাসির উদ্দিন সরদার, সূত্রাপুর লেন
ডাকঘর: সদরঘাট, উপজেলা: সূত্রাপুর, জেলা: ঢাকা।

অনুলিপি:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

## অভিযোগবিবরণী

ড. রওশানা পারভীন (১০৬০৫), সহকারী অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকাকে গত ২২/০১/২০১৭ তারিখে সরকারি সোহরাওয়ার্দী কলেজ, পিরোজপুরে পদায়ন করা হয়। উক্ত কলেজে পদ শূন্য না থাকায় গত ০৮/০৩/২০১৮ তারিখে আমলা সরকারি কলেজ, কুষ্টিয়া পদায়ন করা হলে উক্ত কলেজেও পদ শূন্য না থাকায় আপনি যোগদান করতে পারেননি এবং বিষয়টি এ বিভাগকে অবহিত করেননি। ফলে গত ১৪/১২/২০২০ তারিখে অধ্যক্ষ ও বর্ণিত কর্মকর্তাকে ব্যাখ্যা প্রদানের জন্য পত্র দেয়া হয়। মন্ত্রণালয়ের পত্রের জবাব প্রদান না করায় গত ৩০/০৫/২০২১ তারিখে আপনাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। কিন্তু আপনার বিরুদ্ধে কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করাসহ বিভিন্ন অভিযোগ রয়েছে;

ড. রওশানা পারভীন (১০৬০৫), সহকারী অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর (খ) ও (গ) “অসদাচরণ” ও “পলায়ন” অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

৩০/৮/২৩

(সোলেমান খান)
সচিব